# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
# বাংলাদেশ ব্যাংক
# প্রধান কার্যালয়
# ঢাকা।
# www.bb.org.bd

সার্কুলার পত্র নং-১৯

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৯
২৯ মে, ২০২২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**১৪৪৩ হিজরি/২০২২ খিস্টাব্দে সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ প্যাকেজের মূল্য বৃদ্ধি প্রসঙ্গে।**

"সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় হজব্রত পালন ১৪৪৩ হিজরি/২০২২ খ্রিস্টাব্দ" বিষয়ে ২৬ মে, ২০২২ তারিখে জারিকৃত এফই সার্কুলার পত্র নং- ১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-১ শাখার ২৬/০৫/২০২২ তারিখের স্মারক নং: ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৬১১ এর মাধ্যমে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় "হজ প্যাকেজ ১৪৪৩ হিজরি/২০২২ খ্রিস্টাব্দ" এর মূল্য টাকা ৫৯,০০০.০০ ( টাকা ঊনষাট হাজার) বৃদ্ধি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। বৃদ্ধিপ্রাপ্ত টাকা ৫৯,০০০/= (টাকা ঊনষাট হাজার) সরকারি ব্যবস্থাপনায় প্যাকেজ-১ ও প্যাকেজ-২ এবং বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক ।

(কাজী রফিকুল হাসান)
পরিচালক (এফইপিডি)
ফোন ঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৬১১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯
২৬ মে ২০২২

## হিজরি ১৪৪৩/২০২২ খ্রিষ্টাব্দে মৌসুমে সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ প্যাকেজের মূল্য বৃদ্ধি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

হজযাত্রীদের সৌদি আরব পর্বে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জসহ মোয়াল্লেম ফি বাবদ ব্যয় বৃদ্ধি পাওয়ায় হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটির জরুরি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজযাত্রীগণের জন্য পূর্ব ঘোষিত হজ প্যাকেজ ২০২২ এর মূল্য ৫৯,০০০.০০ (উনষাট হাজার) টাকা বৃদ্ধি করা হয়েছে।

০২। এমতাবস্থায় সরকারি ব্যবস্থাপনার সকল হজযাত্রীকে (প্রযোজ্যক্ষেত্রে মাহরামসহ) উক্ত অর্থ সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Hajj Deposit) অনুকূলে আগামী ২৮-৩০ মে, ২০২২ এর মধ্যে পে-অর্ডার করে পে-অর্ডারটি পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা এর নিকট জমা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে পে-অর্ডার জমা না দিলে ভিসা প্রক্রিয়া স্থগিত থাকবে। বৃদ্ধি প্রাপ্ত ৫৯,০০০.০০ (উনষাট হাজার) টাকা সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ-১ ও প্যাকেজ-২ এবং বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৩। বেসরকারি ব্যবস্থাপনার সকল হজযাত্রীকে উক্ত অর্থ সংশ্লিষ্ট এজেন্সির নিবন্ধন কাজে ব্যবহৃত ব্যাংক একাউন্টে আগামী ২৮-৩০ মে, ২০২২ এর মধ্যে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

২৬.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮
ইমেইল: morahajsection@gmail.com

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,..........................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৪. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৫. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
৬. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
৭. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, এন.এস.আই, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৩. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন, সচিবালয় লিঙ্করোড, ঢাকা।

১৬. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা (সংশ্লিষ্ট সকল ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৭. যুগ্মসচিব (প্রশাসন ও অনুদান/বাজেট/সমন্বয় ও সংস্কার), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. পরিচালক, হজ অফিস, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
২০. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
২১. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,.......................................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
২২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
২৩. জেলা প্রশাসক (সকল).........................................................................................................।
২৪. পুলিশ সুপার (সকল)...........................................................................................................।
২৫. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
২৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।
২৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২৮. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব।
২৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩১. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................................................................................... ।
৩৩. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশের অনুরোধ করা হলো)।
৩৪. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)................................................................ ।
৩৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো) ।
৩৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে **(www.hajj.gov.bd)** প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩৭. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার---------------------------------------------(এজেন্সি)।
৩৮. অফিস কপি/মাস্টার ফাইল।